# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 29-03-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যের নতুন মুখ্য নির্বাচনী আধিকারিক হচ্ছেন মনোজ কুমার আগরওয়াল।

এদিকে, মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে গতকাল এক সর্বদলীয় বৈঠকে ভোটার তালিকা স্বচ্ছ ও ত্রুটিমুক্ত করতে সক্রিয় ভূমিকা গ্রহণের জন্য শাসক-বিরোধী সব দলই  দাবি তুলেছে।

২) নির্দেশ সত্ত্বেও রাজ্য সরকার চলতি আর্থিক বছরে গ্রামীণ এলাকার উন্নয়নে পঞ্চদশ অর্থ কমিশনে এক হাজার ১২১ কোটি ৭১ লক্ষ টাকা খরচ করতে পারেনি।

৩) কেন্দ্র, চলতি মরসুমে ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার মাধ্যমে রাজ্য সরকারের কাছ থেকে ধান না কেনার সিদ্ধান্ত নিয়েছে।

৪) প্রধানমন্ত্রী আগামীকাল মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৫) হাওড়ার বেলগাছিয়ার ভাগাড় নিয়ে রিপোর্ট তলব করেছে জাতীয় পরিবেশ আদালত।

৬) বিধাননগরে একটি ভুয়ো কল সেন্টারে হানা দিয়ে পুলিশ দুদিনে প্রায় তিন কোটি ৭০ লক্ষ টাকা উদ্ধার করেছে। বাজেয়াপ্ত হয়েছে আরও ৪০ লক্ষ টাকার সোনার গয়না। ধৃত তিন।

৭) কলকাতা নাইট রাইডার্স ও লখনউ সুপার জায়ান্টস এর মধ্যে নির্ধারিত আই পি এল এর ম্যাচটি ৬ ই এপ্রিল রবিবারের পরিবর্তে ৮ ই এপ্রিল হবে ইডেনে।

--------------------------------------------------------------------------------

রাজ্যের নতুন মুখ্য নির্বাচনী আধিকারিক হচ্ছেন মনোজ কুমার আগরওয়াল। আরিজ আফতাবের অবসর গ্রহণের তিন মাস পর, নির্বাচন কমিশন , ১৯৯০ ব্যাচের এই আই এ এস আধিকারিককে নিয়োগের কথা ঘোষণা করছে। এতদিন ঐ পদের দ্বায়িত্ব সামলাচ্ছিলেন অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস। এবার পূর্ণ সময়ের মুখ্য নির্বাচনী আধিকারিক হিসাবে মনোজ বাবু আগামী বছরের বিধানসভা নির্বাচনের দ্বায়িত্ব সামলাবেন।

উল্লেখ্য, মনোজ আগরওয়াল বর্তমানে বন দফতরের পাশাপাশি বিপর্যয় মোকাবিলা ও অসামরিক প্রতিরক্ষা দফতরের অতিরিক্ত মুখ্য সচিব পদে রয়েছেন।

------------------------

ভোটার তালিকা স্বচ্ছ ও ত্রুটিমুক্ত করতে সক্রিয় ভূমিকা গ্রহণের জন্য শাসক-বিরোধী সব দলই একযোগে দাবি তুলেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে এই বিষয়ে এক সর্বদলীয় বৈঠকে, তৃণমূল কংগ্রেস, এবং বিজেপি ও কংগ্রেসের মত বিরোধী দলগুলি ভোটার তালিকা থেকে ভুয়ো, মৃত, স্থানান্তরিত ভোটারদের নাম বাদ দেওয়ার দাবি জানায়।

রাজ্য সভাপতি সুব্রত বক্সীর নেতৃত্বে শাসক তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল সর্বদল বৈঠকে যোগ দেয়। পরে প্রতিনিধি দলের সদস্য রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস বলেন, বহিরাগত, ভুতুড়ে ভোটারদের নাম নথিভুক্ত করে বিহার, মহারাষ্ট্রে ভোটে জিতেছে বিজেপি। এখানেও একই মডেল কার্যকর করার চেষ্টা করা হচ্ছে। এইজন্য কমিশনকে সক্রিয় ভূমিকা গ্রহণের'ও দাবী জানান তিনি।

(Byte-অরূপ)

বৈঠকে বিজেপি প্রতিনিধি দলের দুই সদস্য পার্থ সারথি চ্যাটার্জি ও প্রবাল রাহা পাল্টা তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে ভোটার তালিকায় ভুয়ো নাম অন্তর্ভুক্ত করার অভিযোগ তোলেন।

--------------------------

রাজ্যে ভোটারদের সুরক্ষায় বিজেপি আগামী মাসে বিশেষ কর্মসূচি নিয়েছে। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন,তৃণমূল কংগ্রেস অবৈধভাবে ভোটার তালিকা থেকে হিন্দু ভোটারদের নাম বাতিল করতে চাইছে।ভোটার তালিকা তৈরীর কাজ নির্বাচন কমিশনের অধীনে হলেও বিভিন্ন জেলায় বিডিও, এসডিও এবং জেলাশাসক ও এয়ারোরা রাজ্য সরকারের নির্দেশে ভোটার তালিকা তৈরীর কাজ করছে। এই কাজ এক্তিয়ার বহির্ভূত।

হিন্দু ভোটারদের সুরক্ষায় আগামী মাসের ২তারিখ বিজেপির যুব মোর্চা একটি মিছিল করবে বলে বিরোধী দলনেতা জানান।

বাইট

--------------------------

নদীয়ার কালিগঞ্জ বিধানসভার উপনির্বাচনের প্রস্তুতি শুরু হয়েছে।

তৃণমূল কংগ্রেস বিধায়ক নাসিরুদ্দিন আহমেদের প্রয়াণে, ওই আসনে উপনির্বাচনের প্রয়োজন দেখা দিয়েছে।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, জুলাই মাসের মধ্যে ওই বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোট নেওয়া হবে। তার আগে ৮'ই এপ্রিল থেকে শুরু হচ্ছে ভোটার তালিকা সংশোধনের বিশেষ কাজ। চলবে ১৫'ই মে পর্যন্ত।

------------------------

বছরের বিভিন্ন সময়ে নির্দেশ দেওয়া সত্ত্বেও রাজ্য সরকার, চলতি অর্থ বছর শেষ হওয়ার চার দিন আগে পর্যন্ত গ্রামীন এলাকার উন্নয়নে পঞ্চদশ অর্থ কমিশনের এক হাজার ১২১ কোটি ৭১ লক্ষ টাকা খরচ করতে পারেনি। জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত স্তরে কেন এই অর্থ খরচ করা যায়নি অর্থ দপ্তরের তরফে বিভিন্ন জেলার পঞ্চায়েত আধিকারিকদের কাছে তা জানতে চাওয়া হয়েছে।

উল্লেখ্য, এই প্রকল্পে দক্ষিন চব্বিশ পরগনা জেলা সবচেয়ে বেশি তাদের বরাদ্দর ৫০ শতাংশ অর্থাত্ ১৭১ কোটি ৪৬ লক্ষ টাকা খরচ করতে পারেনি। এরপরেই রয়েছে মুর্শিদাবাদ। তাদের তহবিলে পড়ে রয়েছে ১৪৪ কোটি ২১ লক্ষ টাকা।

------------------------

চলতি আর্থিক বছরের শেষদিন ও তার আগের দিনটি সরকারি ছুটি থাকায় আর্থিক লেনদেন সংক্রান্ত যাবতীয় কাজ শেষ করতে রাজ্য সরকারি দপ্তরগুলি আজ শনিবারেও কাজ করবে। রাজ্যের অর্থ দপ্তর এক বিজ্ঞপ্তি জারি করে একথা জানিয়েছে।

------------------------

কেন্দ্রীয় সরকার চলতি মরসুমে ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার মাধ্যমে রাজ্য সরকারের কাছ থেকে ধান না কেনার সিদ্ধান্ত নিয়েছে। কেন্দ্রের তরফে রাজ্যকে ইতিমধ্যেই তাদের এই সিদ্ধান্তের কথা লিখিত ভাবে জানিয়ে দেওয়া হয়েছে। খাদ্য ও

সরবরাহ দপ্তর সূত্রে জানা গিয়েছে, চিঠিতে এর কারণ হিসেবে এফসিআই এর গুদামঘরগুলিতে পর্যাপ্ত খাদ্যশস্য মজুত থাকার কথা বলা হয়েছে ।

উল্লেখ্য রাজ্য সরকার চলতি মরসুমে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে কুইন্ট্যাল প্রতি দুই হাজার ৩০০ টাকা দরে এখনো পর্যন্ত ৫১ লক্ষ ৩৪ হাজার ৭৪১ মেট্রিক টন ধান সংগ্রহ করেছে।

এই বছর এফসিআই কে দেওয়ার জন্যে ৪১ লক্ষ মেট্রিক টন সহ মোট ৬৮ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

-------------------------

রাজ্য সরকার, কাস্ট সার্টিফিকেট বা জাতিগত শংসা পত্র জালিয়াতির অভিযোগে আরও কিছু আধিকারিকের ভূমিকার উপর নজর রাখছে। নকল সার্টিফিকেট খুঁজে তা বাতিল করতে যেমন তৎপরতা চলছে তেমনই কাদের হাত ধরে এই সব ভুয়ো শংসা পত্র তৈরি হয়েছে তার খোঁজও সমান্তরাল ভাবে চলছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

উল্লেখ্য কাস্ট সার্টিফিকেট জাল করার অভিযোগে ইতিমধ্যেই দুজন আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ নেওয়া হয়েছে। আরও কয়েকজনের দিকে অভিযোগের আঙুল উঠেছে। তাদের দিকেও নজর রাখা হচ্ছে।

গত দেড় বছরে বাতিল করা হয়েছে ১৪০০ জাতিগত শংসা পত্র ।অভিযোগ এই সব সার্টিফিকেট জাল করা হয়েছে।

-------------------------

কেন্দ্রীয় সরকারি কর্মচারী ও পেনশনভোগীদের জন্য সরকার আরো দু-শতাংশ মহার্ঘ্যভাতা দেওয়ার কথা ঘোষণা করেছে। নতুন দিল্লিতে আজ মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত অনুমোদিত হয়। বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো সাংবাদিকদের বলেন, এবছর পয়লা জানুয়ারী থেকে বর্ধিত মহার্ঘ্যভাতা কার্যকর হবে। এর ফলে উপকৃত হবেন ৪৮ লক্ষ ৬৬ হাজার কেন্দ্রীয় সরকারি কর্মী এবং ৬৬ লক্ষ ৫৫ হাজারের'ও বেশী পেনশনভোগী।

বাইট

উল্লেখ্য, বর্তমানে মহার্ঘ্যভাতার হার ৫৩ শতাংশ। বৃদ্ধির পর তা' বেড়ে হবে ৫৫ শতাংশ।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল (৩০শে মার্চ), মাসিক বেতার অনুষ্ঠান মন কি বাতের ১২০-তম পর্বে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

এই অনুষ্ঠান বেলা ১১ টা থেকে আকাশবাণীর সব কটি প্রচার তরঙ্গ, দূরদর্শনের সব চ্যানেল, AIR News website, NewsOnAir mobile app-এ সম্প্রচারিত হবে। আকাশবাণী সংবাদ, দূরদর্শন সংবাদ প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের YouTube channel-এও মন কি বাতের লাইভ স্ট্রিমিং হবে।

মূল অনুষ্ঠানটির ঠিক পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা সম্প্রচারিত হবে।

------------------------

হাওড়ার বেলগাছিয়ার ভাগাড় নিয়ে রিপোর্ট তলব করেছে জাতীয় পরিবেশ আদালত। এই ভাগাড় নিয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, সে ব্যাপারেও ২৩ শে মে-র মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে হাওড়া পুরসভাকে।

ভাগাড়ের ধস নিয়ে স্বতঃপ্রণোদিত মামলাও রুজু করেছে আদালত। এতে যুক্ত করা হয়েছে পরিবেশ কর্মী সুভাষ দত্তকে।

উল্লেখ্য হাওড়ার জঞ্জাল সমস্যা নিয়ে সুভাষ বাবু ২০২৪-এ একটি মামলা দায়ের করেন। জাতীয় পরিবেশ আদালত গত ফেব্রুয়ারিতে সেটি নিষ্পত্তি করে নির্দেশ দেয় এক মাসের মধ্যো হাওড়ায় রাস্তার ধার থেকে সমস্ত জঞ্জাল সরিয়ে ফেলতে হবে। তারপরেও ভাগাড়ের এই বিপর্যয়ের জেরে যে সমস্যা দেখা দিয়েছে, তার প্রেক্ষিতে পরিবেশ আদালতের এই রিপোর্ট তলব বিশেষ তাৎপর্যপূর্ণ।

এদিকে, বেলগাছিয়া ভাগাড়ে ধসের পর বিকল্প ভাগাড়ের ব্যবস্থা না হওয়ায় সেখানে পরিস্থিতি আরও দুর্বিসহ। প্রায় ১২০০ টন আবর্জনা এখনও জমে রয়েছে। গতকাল এই নিয়ে জরুরী বৈঠকে বসেন পুরসভার চেয়ারপার্সন সুজয় চক্রবর্তী, পুর কমিশনার বন্দনা পখরিওয়াল এবং সাফাই দপ্তরের ইঞ্জিনিয়াররা। বৈঠকে সিদ্ধান্ত হয়েছে প্রয়োজন মত ডাম্পার, জেসিবি ভাড়া নিয়ে সোমবারের মধ্যে ঐ আবর্জনা সরিয়ে ফেলা হবে।

-------------------------

মালদার মোথাবাড়িতে সাম্প্রদায়িক উত্তেজনার ঘটনায় জেলা শাসক ও পুলিশ সুপারের রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাসের ডিভিশন বেঞ্চে আগামী বৃহস্পতিবার এই রিপোর্ট দিতে হবে। কলকাতা হাইকোর্টের আইনজীবী ও বিজেপি নেতা কৌস্তভ বাগচি কলকাতা হাইকোর্টে

মামলা দায়ের করে আবেদন জানান ঐ এলাকায় শান্তি বজায় রাখতে প্রয়োজনে কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী মোয়াতেন করা হোক।

এদিকে শান্তি, সৌভ্রাতৃত্ব এর কথা তুলে ধরে প্রদেশ কংগ্রেস আজ কলকাতায় সদভাবনা যাত্রা করবে। সর্বস্তরের শান্তিকামী মানুষকে এই সদ্ভাবনা যাত্রায় অংশগ্রহণ করার আবেদন জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

-------------------------

বিধাননগর সেক্টর ফাইভে একটি ভুয়ো কল সেন্টারে হানা দিয়ে পুলিশ দুদিনে প্রায় তিন কোটি ৭০ লক্ষ টাকা উদ্ধার করেছে। বাজেয়াপ্ত হয়েছে আরও ৪০ লক্ষ টাকার সোনার গয়না। পুলিশ জানিয়েছে, বিদেশীদের বিভিন্ন সুযোগ লুবিধা পাইয়ে দেওয়ার অছিলায় এই টাকা আদায় করা হয়েছিল। গোপন খবরের ভিত্তিতে তল্লাশি চালিয়ে পুলিশ বহু কোটি টাকার এই প্রতারণা মামলার হদিশ পায়। কিছু টাকা সুটকেসের মধ্যে রাখা ছিল। আবার কিছু ফলস সিলিং-এর মধ্যেও। এই ঘটনায় এখনও পর্যন্ত তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে বলে বিধাননগরের ডিসিডিডি জানিয়েছেন।

উল্লেখ্য, বৃহস্পতিবার পুলিশ এই কল সেন্টার থেকে তল্লাশি চালিয়ে ৬৭ লক্ষ টাকা উদ্ধার করে। গতকাল আবার সেখানে ও মালিকের বাড়িতেও তল্লাশি চালিয়ে উদ্ধার হয় তিন কোটি তিন লক্ষ টাকা। ধৃতদের পুলিশ জিজ্ঞাসাবাদ করছে।

-------------------------

কলকাতার প্রগতি ময়দান থানা এলাকা থেকে পুলিশ গতকাল দুপুরে দুই অস্ত্র পাচারকারীকে গ্রেপ্তার করেছে। ধৃত মোবারক হোসেন ও আব্রাহিম শেখের কাছ থেকে উদ্ধার হয়েছে দুটি বেআইনি পিস্তল ও ম্যাগাজিন। দুজনেই মালদার কালিয়াচকের

বাসিন্দা। এদের নামে প্রগতি ময়দান থানায় মামলা রুজু করা হয়েছে। আজ এদের ব্যাঙ্কশাল আদালতে তোলা হবে।

-------------------------

এদিকে, রাজ্য পুলিশের এসটিএফ, গোপন সূত্রে খবর পেয়ে, মালদার বৈষ্ণব নগর থানা এলাকার লোকো কলোনী থেকে হামিদুল শেখ নামে এক অস্ত্র পাচারকারীকে গ্রেপ্তার করেছে।তার কাছ থেকে পাঁচটি আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, ধৃত ব্যক্তি বিহার থেকে বেআইনি আগ্নেয়াস্ত্র এনে মালদার বিভিন্ন এলাকায় সরবরাহ করত। এই চক্রের সঙ্গে কারা জড়িত রয়েছে তা খতিয়ে দেখতে পুলিশ তদন্ত শুরু করেছে। ধৃতকে গতকাল মালদা আদালতে তোলা হলে ৮ দিনের এসটিএফ হেফাজতে পাঠানো হয়।

-------------------------

গ্রীষ্মের দহন এড়াতে প্রাথমিক স্কুলগুলির সময় বদলের অনুমতি দিয়েছে প্রাথমিক শিক্ষা পরিষদ। পর্ষদ সভাপতি গৌতম পাল জানান, যে সমস্ত স্কুলে সাধারণত দুপুরে ক্লাস হয় তারা পর্ষদকে চিঠি দিয়ে স্কুলের সময় পরিবর্তন করতে পারে। গরমে স্কুলে শিশুরা অসুস্থ হয়ে পড়তে পারে বলেই এই সিদ্ধান্ত বলে খবর।

-------------------------

কলকাতা নাইট রাইডার্স ও লখনউ সুপার জায়ান্টস এর মধ্যে নির্ধারিত আই পি এল এর ম্যাচটি ৬ ই এপ্রিল রবিবারের পরিবর্তে ৮ ই এপ্রিল মঙ্গলবার ইডেনে হবে। বিসিসিআই এর তরফে গত সন্ধ্যায় এক প্রেস বিবৃতিতে এই কথা ঘোষণা করা হয়।

বিবৃতিতে বলা হয়েছে, ৬ ই এপ্রিল রামনবমী থাকায় ঐ দিন কলকাতায় ম্যাচ হলে তারা পর্যাপ্ত নিরাপত্তা দিতে পারবে না বলে কলকাতা পুলিশের তরফে সিএবিকে জানানো হয়েছিলো। সেই মত ম্যাচের দিন পিছিয়ে ৮ ই এপ্রিল করার জন্য সিএবির তরফে বিসিসিআইকে সুপারিশ করা হয়। সেই সুপারিশ মেনেই ৮ ই এপ্রিল করার জন্য সিএবির তরফে বিসিসিআই-কে সুপারিশ করা হয়। আইপিএল কর্তৃপক্ষ সেই অনুরোধ মেনেই ম্যাচের সূচী পরিবর্তন করেছে। ৮ ই এপ্রিল দুপুর সাড়ে তিনটেয় ইডেনে কেকেআর ও লখনউ-এর মধ্যে খেলা হবে। বাকি সূচী অপরিবর্তিতই থাকছে।

উল্লেখ্য, পূর্ব নির্ধারিত সূচী মেনে ৬ ই এপ্রিল সন্ধ্যায় সানরাইজার্স হায়দ্রাবাদ ও গুজরাট টাইটানস এর মধ্যে ম্যাচটি হবে।

অন্যদিকে ৮ ই এপ্রিল হবে দুটি খেলা। ইডেনের ম্যাচ ছাড়াও সন্ধ্যায় চন্ডিগড়ে পাঞ্জাব কিংস ও চেন্নাই সুপার কিংস মুখোমুখি হবে।

------------------------ ------------------------